

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ
www.magosmanimedical.com
https://somc.edu.bd/

স্মারক নং-৫৯.১৪.০০০০.১২৯.১৭.০৬৭.২৪- ২৩৪৩

তারিখঃ ০৫/০৫/২০২৬খ্রি.


বিজ্ঞপ্তি

সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজের বৃত্তি প্রাপ্ত সকল শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে অনলাইনে EFT এর মাধ্যমে শিক্ষার্থীর “ব্যাংক হিসাবে” (Bank Account) প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। উক্ত কার্যক্রমের অংশ হিসাবে অত্র মেডিকেল কলেজের ১ম বর্ষে অধ্যয়নরত সকল বৃত্তি প্রাপ্ত (মেধা ও সাধারণ) শিক্ষার্থীবৃন্দকে তাদের নিজ নিজ তথ্যাবলী অত্র মেডিকেল কলেজের হিসাব শাখায় রক্ষিত নির্ধারিত “নমুনা ফরম” পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রাদি আগামী ১০/০৫/২০২৬ খ্রি. তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

উল্লেখ্য যে, ২য় হতে ৫ম বর্ষ পর্যন্ত বৃত্তি প্রাপ্ত যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে বৃত্তি সংক্রান্ত কোন তথ্য প্রদান করেন নাই অথবা ভুল তথ্য দাখিল করেছেন তাদেরকেও উল্লেখিত তারিখের মধ্যে উক্ত “নমুনা ফরম” পূরণ পূর্বক সঠিক তথ্য প্রদান করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

বৃত্তির তথ্য সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্রাদি যাহা নমুনা ফরম জমাদানের সময় অবশ্যই জমা দিতে হবেঃ

- | | |
|---|--------|
| ১. পূরনকৃত নমুনা ফরম (যাহা হিসাব শাখা হতে সংগ্রহ করতে হবে) | ০১ কপি |
| ২. শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদপত্রের ফটোকপি | ০১ কপি |
| ৩. বৃত্তির গেজেটের ফটোকপি (১ম পাতা, নামের পাতা ও শেষের পাতা) | ০১ সেট |
| ৪. এইচএসসি পাশের সনদপত্র এবং উক্ত কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রদানকৃত বৃত্তির প্রত্যয়নপত্র | ০১ সেট |
| ৫. শিক্ষার্থীর নিজ নামে খোলা ব্যাংকের চেকের পাতার ফটোকপি | ০১ কপি |
| ৬. পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি | ০১ কপি |


অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)


সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ

তারিখঃ ০৫/০৫/২০২৬খ্রি.

স্মারক নং-৫৯.১৪.০০০০.১২৯.১৭.০৬৭.২৪- ২৩৪৬ (৫)

অনুলিপি, অবগতি ও বিহিত ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইলঃ

- ১। বিভাগীয় প্রধান, এনাটমি/বায়োকেমিস্ট্রি/ফিজিওলজি বিভাগ, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ। উক্ত বিজ্ঞপ্তিটি বৃত্তি প্রাপ্ত (মেধা ও সাধারণ) সকল শিক্ষার্থীবৃন্দকে অবহিত করার জন্য অনুরোধ করা হইল।
- ২। প্রধান তত্ত্বাবধায়ক, ছাত্রাবাস-ছাত্রীনিবাস, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ। উক্ত বিজ্ঞপ্তিটি প্রতিটি হোস্টেলের নোটিশ বোর্ডে দিয়ে বৃত্তি প্রাপ্ত (মেধা ও সাধারণ) সকল শিক্ষার্থীবৃন্দকে অবহিত জন্য অনুরোধ করা হইল।
- ৩। সচিব/প্রধান সহকারী/হিসাবরক্ষক/কোষাধ্যক্ষ, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ।
- ৪। নোটিশ বোর্ড।
- ৫। অফিস নথি।


অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ

তারিখঃ ০৫/০৫/২০২৬